JAN. 2[illegible] 2001

পৃষ্ঠা ৮ কলাম ৩

# গত বছরের জুলাই থেকে ১০% বর্ধিত ভাতা দিতে হবে

## —শিক্ষক সমিতি ফেডারেশন

প্রেস বিজ্ঞপ্তি ঃ বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশন তৃতীয় বিভাগধারী শিক্ষকদের এমপিওভুক্তি প্রসংগে সংসদে শিক্ষামন্ত্রীর বক্তব্যের প্রেক্ষিতে সরকারের সাথে আনুষ্ঠানিক বৈঠকের প্রস্তাব দিয়েছে।

ফেডারেশনের এ সংক্রান্ত এক বিবৃতিতে বলা হয়েছে, 'শিক্ষক সমিতি সমূহের সাথে আলোচনা ক্রমেই নিয়োগপ্রাপ্ত তৃতীয় বিভাগধারী বেসরকারী শিক্ষকদের এমপিভুক্তির বিষয়টি সুরাহা করা সম্ভব' বলে শিক্ষামন্ত্রী গত ২০ জানুয়ারী সংসদে যে বক্তব্য দিয়েছেন তারই প্রেক্ষিতে ফেডারেশনের পক্ষে ভারপ্রাপ্ত সভাপতি আজীজুল ইসলাম ও সেক্রেটারী জেনারেল কাজী ফারুক আহমদ উক্ত আনুষ্ঠানিক

## শিক্ষক সমিতি

৮-এর পৃষ্ঠার পর।

বৈঠকের প্রস্তাব দিয়েছেন।

শিক্ষা মন্ত্রণালয়ে পেশকৃত প্রস্তাব সংক্রান্ত পত্রে বৈঠকের সম্ভাব্য আলোচ্য সূচীতে গত বছরের ২৪ আগস্ট পর্যন্ত প্রচলিত নিয়মে নিয়োগপ্রাপ্ত তৃতীয় বিভাগসহ সকলকে এমপিওভুক্তকরণ এবং এখন থেকে সরকারী স্কুল-কলেজের শিক্ষকদের অনুরূপ যোগ্যতায় পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে শিক্ষক নিয়োগ ছাড়াও গত বছরের জুলাই থেকে ১০% বর্ধিত বেতন এবং '৯৭-এর জুলাই থেকে মেডিকেল ভাতা ও ইনক্রিমেন্ট প্রদান, বেসরকারী কলেজে সহযোগী অধ্যাপক পদ চালুকরণ, নকল প্রতিরোধ প্রভৃতি নতুন জাতীয় শিক্ষা নীতি বাস্তবায়নের বিষয় অন্তর্ভুক্ত করার অনুরোধ জানানো হয়েছে।